



ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি সম্পূর্ণ পড়ার জন্য
অনুরোধ করা হলো।

অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত বোর্ড বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থীরা অনলাইনে বোর্ড বৃত্তির আবেদন করতে পারেনি তাদের নাম হলে প্রেরিত বেতন ফেরতের তালিকায় নেই ফলে তারা বেতন ফেরত পাচ্ছে না। তাই উক্ত শিক্ষার্থীরা বেতন ফেরতের জন্য রেজিস্ট্রার বরাবর আবেদনের সাথে স্ব স্ব কলেজ কর্তৃক প্রদত্ত বৃত্তির প্রত্যয়ন পত্রের কপি এবং সংশ্লিষ্ট বোর্ডের গেজেটের কপি (যে পাতায় শিক্ষার্থীর নাম রয়েছে) সংযুক্ত করে বিভাগীয় চেয়ারম্যান/ পরিচালকের মাধ্যমে আগামী ১০/১১/২০২২ তারিখের মধ্যে রেজিস্ট্রারের অফিসে (রুম নং-২০৩) জমা দিতে হবে। আবেদনে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর এইচ.এস.সি. রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নরত বিভাগ, হলের নাম, রেজিস্ট্রেশন নম্বর, সেশন, রোল নম্বর এবং নিজ মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

বৃত্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য যোগাযোগ করুন: ০১৫৮১-৮৪৬৫০০

স্বাক্ষরিত/-

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং রেজিঃ/শিক্ষা-৫/২০৮(ক)/ ২৮১৭৯ - ফিঃ

তারিখ: ০৩/১৯/১৪২৯
২১/১০/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৪। পরিচালক, সকল ইনসিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৫। পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৬। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- (বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫) / ১০
ঢাকা বিশ্ববিদ্যালয়